



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

সংশোধনী বিজ্ঞপ্তি

নং- ৫১২/বিদ্যালয়-১/সাধারণ/২০৩৯৮(ক)

তারিখ : ২৯/০৭/২০১৮


বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষকের চাকুরীর মেয়াদ সংক্রান্ত।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বোর্ডের আওতাধীন অনুমোদিত যে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/০৬/২০১১ তারিখের স্মারক নং- শিম/শাঃ১১/৩-৯/২০১১/২৫৬ মোতাবেক সে সকল প্রধান শিক্ষকের চাকুরীর মেয়াদ বৃদ্ধি করার সুযোগ নেই।

২। এমতাবস্থায় উক্ত পরিপত্র অনুযায়ী বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকের বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হলে, সহকারী প্রধান শিক্ষক অথবা সহকারী প্রধান শিক্ষক না থাকলে জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট প্রধান শিক্ষকের দায়িত্ব হস্তান্তর করতে হবে। এর ব্যত্যয় হলে সেটি বিধিবহির্ভূত হিসেবে গণ্য হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



প্রফেসর প্রীতিশকুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

